

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭৫/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ আব্দুল আজিজ  
পিতা-মোঃ আরমান আলী প্রাং  
গ্রাম+ডাক-হুলহুলিয়া  
থানা-সিংড়া, জেলা-নাটোর।

প্রতিপক্ষ : জনাব মোঃ আতোয়ার রহমান  
জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
জেলা সমবায় অফিস, নাটোর।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৬-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আব্দুল আজিজ ০২-০৩-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ আতোয়ার রহমান, জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা সমবায় অফিস, নাটোর বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- নাটোর জেলা সমবায় বিভাগীয় কর্মকর্তা কর্মচারী বহুমুখী সমবায় সমিতিতে আমার সদস্যপদ অর্জন হইতে প্রত্যাহার পর্যন্ত শেয়ার সঞ্চয় সুদসহ যাবতীয় হিসাব বিবরণী।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৯-০৪-২০১৪ তারিখে জনাব মোঃ আহসান কবীর, যুগ্ম নিবন্ধক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বিভাগীয় সমবায় দপ্তর, ১৯১/বি, কাজীহাটা, রাজশাহী বিভাগ, রাজশাহী বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ৩০-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৬-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। **শুনানীর ধার্য** তারিখে অভিযোগকারী জনাব মোঃ আব্দুল আজিজ গরহাজির। প্রতিপক্ষ জনাব মোঃ আতোয়ার রহমান, জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা সমবায় অফিস, নাটোর হাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদি ০১-০৪-২০১৪ তারিখে রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা হয়। প্রাপক পত্র গ্রহণ না করায় তা ০৮-০৪-২০১৪ তারিখে ফেরত আসে। পুনরায় তথ্য সরবরাহ করা হলে, সে পত্রও প্রাপক গ্রহণ না করায় ২১-০৪-২০১৪ তারিখে ফেরত আসে।

### পর্যালোচনা।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর তথ্যের প্রয়োজনীয়তা নেই। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক প্রেরিত তথ্য অভিযোগকারী কর্তৃক বার বার গ্রহণ না করায় এবং ফেরত আসায় অভিযোগটি খারিজপূর্বক নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ:প্:দ্র)

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

যেহেতু, অভিযোগকারী কোন কারণ দর্শানো ব্যতিরেকে গরহাজির এবং যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক প্রেরিত তথ্য অভিযোগকারী বার বার গ্রহণ না করে ফেরৎ প্রদান করছেন সেহেতু, অভিযোগকারীর তথ্যের প্রয়োজনীয়তা না থাকায় অভিযোগটি খারিজপূর্বক নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার